ভোরের কাগজ

NOV. 04 2002

তারিখ ... পৃষ্ঠা ১২ কলাম ৬......

# ঢা.বি প্রাণিবিদ্যা শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ নিয়ে প্রশ্ন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে ঐ বিভাগেরই একজন ছাত্রীর আনা যৌন হয়রানির অভিযোগ নিয়ে প্রশ্ন উঠেছে। অভিযোগনামায় অভিযোগকারী হিসেবে যে ছাত্রীটির নাম রয়েছে বিভাগে ঐ নামে কোনো ছাত্রী আছে কিনা তা নিয়েই সন্দেহ দেখা দিয়েছে।

জানা গেছে, গত শনিবার প্রাণিবিদ্যা বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ এনে পাঠানো একটি অভিযোগপত্র ডাকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে পৌছায়। অভিযোগনামায় দীনা নামে প্রাণিবিদ্যা চতুর্থ বর্ষের এক ছাত্রীর স্বাক্ষর থাকলেও তার পুরো নাম ও রোল নম্বর নেই। আসলে দীনা নামে চতুর্থ বর্ষের কোনো ছাত্রী আছে কিনা তা নিয়েই সংশয় দেখা দিয়েছে। আর থাকলেও অভিযোগটি আসলে তিনি করেছেন কিনা তাও সুস্পষ্ট নয়।

এ ব্যাপারে অভিযুক্ত শিক্ষকের সঙ্গে

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৭

## ঢা.বি প্রাণিবিদ্যা শিক্ষকের

● শেষের পাতার পর

যোগাযোগ করা হলে তিনি সাংবাদিকদের জানান, আমার ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য কতিপয় ষড়যন্ত্রকারী এটা করেছে। তিনি বলেন, দীনা নামের কোনো মেয়েকে আমি চিনি না। তিনি আমার বিভাগের ছাত্রী কি না তাও জানি না। তিনি বলেন, 'সত্যি যদি আমি দোষী হই তাহলে আমার বিচার হওয়া উচিত। তবে যদি কেউ আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে থাকে আমি তার বিচার চাই। প্রয়োজনে আমি আদালতে যাবো।'

গত শনিবার উপাচার্য কার্যালয়ে অভিযোগনামাটি এসে পৌছালে শিক্ষকরা তা পড়ে বিব্রত অবস্থায় পড়েন। তবে বিষয়টি নিয়ে এখনো কোনো তদন্ত কমিটি গঠন করা হয়নি। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এস এম আতিকুর রহমান জানান, গত শনিবার উপাচার্য বরাবর একটি অভিযোগনামা ডাক মারফত পৌছায়। এর পর তার একটি কপি তাকে এবং বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার সৈয়দ রাশিদুল হাসানকে আরেকটি কপি দেওয়া হয়েছে।